

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-223357184, www.most.gov.bd]

প্রেস রিলিজ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মহাকাশ বিষয়ক দুইটি ডিজিটাল ফিল্ম,
ভিআর কর্ণার এবং পার্কিং এরিয়া উদ্বোধন করলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী

ঢাকা, ০৫ জুলাই ২০২২;

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্ল্যানেটেরিয়াম হলে মহাকাশ বিষয়ক দুইটি ডিজিটাল ফিল্ম, ভিআর কর্ণার এবং পার্কিং এরিয়া শুভ উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী **স্বপতি ইয়াফেস ওসমান**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব জিয়াউল হাসান এনডিসি।

প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা বাবার স্বপ্ন পূরণে এগিয়ে যাচ্ছেন। তাঁর নেতৃত্বে অচিরেই এ দেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ 'নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ সম্ভব হয়েছে। যা বিশ্বের দরবারে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করার পাশাপাশি জাতির আত্মবিশ্বাসও বাড়িয়ে দিয়েছে।'

মন্ত্রী আরো বলেন, মহাকাশ বিষয়ক ফিল্মটিতে টেলিস্কোপের গঠন, কার্যকারিতা, ধরণ ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়েছে। যা একটি ডিজিটাল মহাকাশ বিষয়ক ফিল্ম। **টেলিস্কোপ** এমন একটি যন্ত্র যা দূরবর্তী লক্ষ্যবস্তু দর্শনের জন্য ব্যবহার করা হয়। এটি দূরবর্তী বস্তু থেকে নির্গত বিকিরণ সংগ্রহ, পরিমাপ এবং বিশ্লেষণ করার কাজে ব্যবহৃত হয়। এছাড়াও এটি সৌরজগতের বিভিন্ন তথ্য আবিষ্কারের দ্বার উন্মোচন করে। এই ফিল্মটির মূল লক্ষ্যই হল বিজ্ঞান ও বৈজ্ঞানিক চিন্তাধারাকে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া। এতে তথ্য ও উদ্ভাবন বিষয়বস্তুগুলি সাধারণ মানুষ খুব সহজেই আত্মস্থ করতে পারবেন। ফলে তাদের মধ্যে বিজ্ঞানমনস্ক ভাবধারা গড়ে উঠবে।

উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার এর মহাপরিচালক জনাব মোঃ আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়স্বতন্ত্র সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

ফোন: ৯৫৪ ০৩৮৭ (অঃ)

মোবা: ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd